বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
৩৪

74

দৈনিক বাংলা
তারিখ ... 21-7-1989 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 6 ...





শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বৃহস্পতিবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যা জাদুঘর ও মার্কিন তথ্য সার্ভিসের যৌথ উদ্যোগে 'চন্দ্রাভিযানের বিংশতিতম বর্ষপূর্তি' উপলক্ষে আয়োজিত সপ্তাহব্যাপী প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন

# বিজ্ঞানীদের সচেতন মন নিয়ে এগিয়ে আসার আহবান

বাসস জানায়, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম দেশের প্রয়োজনে সুবিধেজনক প্রযুক্তি নির্বাচনে সচেতন মন নিয়ে এগিয়ে আসার জন্য বিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের প্রতিআহবানজানিয়েছেন।

তিনি বলেন, বিদেশ থেকে যে প্রযুক্তির আমদানী হচ্ছে, তা নির্বাচিত হয়, সচিবালয়ের কর্মকর্তাদের বৈঠকে। তিনি বলেন, এই ব্যবস্থার অবসান হওয়া উচিৎ।

মন্ত্রী এ্যাপোলো-১১ মহাকাশযানে করে চাঁদে মানুষ অবতরণের ২০তম বার্ষিকী উপলক্ষে গতকাল ঢাকায় বিজ্ঞান যাদুঘরে সপ্তাহব্যাপী এক কর্মসূচীর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। মার্কিন তথ্য বিভাগের (ইউসিস) সহায়তায় বিজ্ঞান যাদুঘর এই কর্মসূচীর আয়োজন করে।

সপ্তাহব্যাপী এ কর্মসূচীর মধ্যে রয়েছে প্রদর্শনী এবং মহাকাশ ফ্লাইটের ওপর ভিডিওপ্রদর্শনী।

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব এ এন এম ইউসুফের সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ভাষণ দেন শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, মার্কিন দূতাবাসের জনসংযোগ বিভাগের কাউন্সিলর এবং ইউসিসে'র মহাপরিচালক মিঃ রে পেপার্স, বিজ্ঞান যাদুঘরের পরিচালক ডঃ কে এম সিরাজুল ইসলাম এবং যাদুঘরের কিউরেটর ইনচার্জ এম আনোয়ার হোসেন খান। শিক্ষামন্ত্রী বলেন, প্যাকেজ হিসেবে বিভিন্ন প্রযুক্তির আমদানী হচ্ছে, তবে প্রযুক্তির কোন স্থানান্তর ঘটছে না।

তিনি বলেন, অটোমোবাইল প্রযুক্তি মালয়েশিয়া ও ভারত থেকে স্থানান্তর হচ্ছে, কিন্তু প্রযুক্তি স্থানান্তরের ক্ষেত্রে কোনরকম বিবেচনা ছাড়াই আমরা বিভিন্ন ডিজাইন ও মডেলের অটোমোবাইল আমদানী করছি।

মন্ত্রী বলেন, প্রযুক্তির স্থানান্তর ছাড়া দেশকে স্বনির্ভর করে তোলা অসম্ভব।

সামগ্রিক জাতীয় উৎপাদনে বিজ্ঞান খাতে ব্যয় শতকরা ১ দশমিক ১ ভাগে উন্নীত হবে, সম্প্রতি রাষ্ট্রপতি এরশাদের এ ঘোষণার কথা উল্লেখ করে জনাব শেখ শহীদ বলেন, দেশে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে সরকারের প্রয়োজনীয় রাজনৈতিক সদিচ্ছা রয়েছে।